



# কম্পিউটিং বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

## কম্পিউটার অপারেশন

লেভেল - ০৩

### মডিউল শিরোনামঃ স্প্রেডশীট প্রস্তুত করা (Module: Preparing a spreadsheet)



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ  
প্রধানমন্ত্রীর কার্যালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



## সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষনার্থীকে সম্পন্ন করতে হবে। কম্পিউটার অপারেশন, লেভেল ৩ অকুপেশনের অন্যতম ইউনিট হচ্ছে - স্প্রেডশীট প্রস্তুত করা। এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি বিদ্যমান শিখন উপকরণ এবং প্রাসঙ্গিক রিসোর্সসমূহ বিশ্লেষণ, বিদ্যমান রিসোর্সসমূহকে কাজে লাগানো, নতুন রিসোর্স ও শিখন উপকরণ তৈরি করা এবং শিখন উপকরণগুলি রিভিউ করতে পারবেন। একজন দক্ষ ট্রেইনারের জন্য প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্রে, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে প্রয়োজনীয় জ্ঞান এবং সুনির্দিষ্টভাবে কাজ করার জ্ঞান নির্দেশনা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লিখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শীট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন। জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন। এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেকটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মানের একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

...। ২০২২ তারিখে অনুষ্ঠিত ৯ম কার্যনির্বাহী কমিটির সভায় অনুমোদিত।

উপ-পরিচালক (প্রশাসন)  
এবং কার্যনির্বাহী কমিটির সভায় সাচিবিক দায়িত্ব পালনকারী কর্মকর্তা  
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ।



## সূচিপত্র

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা.....	i
মডিউলের নাম: স্প্রেডশীট প্রস্তুত করা।.....	1
শিখনফল - ১ (Learning Outcome): কাজের জন্য প্রস্তুতি গ্রহণ করতে পারবে।.....	3
ইনফরমেশন শিট: ১.১.....	6
সেলফ চেক শিট -১.১.....	12
উত্তরপত্র-১.১.....	13
শিখনফল-২ (Learning Outcome): স্প্রেডশীট তৈরি করতে পারবে.....	14
ইনফরমেশন শিট: ২.১.....	18
সেলফ চেক শিট – ২.১.....	32
উত্তরপত্র- ২.১.....	33
জব শীট ২.১.....	34
স্পেসিফিকেশন শীটঃ ২.১.....	35
শিখনফল - ৩ (Learning Outcome): ফর্মুলা ও ফাংশন ব্যবহার করতে পারবে.....	36
ইনফরমেশন শিট: ৩.১.....	39
সেলফ চেক শীট – ৩.১.....	62
উত্তরপত্র-৩.১.....	63
জব শীট ৩.১.....	64
স্পেসিফিকেশন শীটঃ ৩.১.....	65
শিখনফল-৪ (Learning Outcome): ডাটা ম্যানিপুলেশন ও প্রেজেন্টেশন সম্পন্ন করতে পারবে.....	67
ইনফরমেশন শিট: ৪.১.....	70
সেলফ চেক শিট – ৪.১.....	91
উত্তরপত্র- ৪.১.....	92
জব শীট ৪.১.....	93
স্পেসিফিকেশন শীটঃ ৪.১.....	94
শিখনফল-৫ (Learning Outcome): ওয়ার্কবুক রিভিউ ও প্রটেক্ট করতে পারবে.....	95
ইনফরমেশন শিট: ৫.১.....	97
সেলফ চেক শিট – ৫.১.....	101
উত্তরপত্র- ৫.১.....	101
জব শীট ৫.১.....	102
স্পেসিফিকেশন শীটঃ ৪.১.....	<b>Error! Bookmark not defined.</b>
শিখনফল-৬ (Learning Outcome): ডকুমেন্ট প্রিন্ট ও ট্রান্সফার করতে পারবে.....	103
ইনফরমেশন শিট: ৬.১.....	106
সেলফ চেক শিট – ৬.১.....	111

উত্তরপত্র- ৬.১.....	112
দক্ষতা পর্যালোচনা.....	114



## মডিউলের বিষয়বস্তু

মডিউলের নাম: স্প্রেডশীট প্রস্তুত করা।

(Preparing a Spreadsheet)

মডিউলের বর্ণনা: স্প্রেডশীট প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ (কেএসএ) সম্পর্কিত কাজগুলো এই মডিউল-এ অন্তর্ভুক্ত করা হয়েছে। এতে কাজের জন্য প্রস্তুত হওয়া, স্প্রেডশীট তৈরি করা, ফর্মুলা ও ফাংশন ব্যবহার করা, ডাটা ম্যানিপুলেশন ও প্রেজেন্টেশন সম্পন্ন করা, ওয়ার্কবুক রিভিউ ও প্রটেক্ট করা এবং ডকুমেন্ট প্রিন্ট ও ট্রান্সফার করার জন্য প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।

নমিনাল সময় (Nominal Hour): ৯০ ঘণ্টা

শিখনফল:

মডিউলটি সফলভাবে শেষ করার পর প্রশিক্ষার্থীরা নিম্নবর্ণিত কাজগুলো করতে সমর্থ হবেন:

১. কাজের জন্য প্রস্তুত হতে পারবে
২. স্প্রেডশীট তৈরি করতে পারবে
৩. ফর্মুলা ও ফাংশন ব্যবহার করতে পারবে
৪. ডাটা ম্যানিপুলেশন ও প্রেজেন্টেশন সম্পন্ন করতে পারবে
৫. ওয়ার্কবুক রিভিউ ও প্রটেক্ট করতে পারবে
৬. ডকুমেন্ট প্রিন্ট ও ট্রান্সফার করতে পারবে

অ্যাসেসমেন্ট মানদণ্ড:

১. কর্মক্ষেত্রের পদ্ধতি অনুসারে নিরাপদ কাজের অনুশীলনগুলি পর্যবেক্ষন এবং অনুসরণ করতে সক্ষম হয়েছে
২. প্রয়োজনীয় সফটওয়্যার পরীক্ষা এবং কাজের প্রয়োজন অনুযায়ী কার্যকরীতা নিশ্চিত করতে সক্ষম হয়েছে
৩. ডকুমেন্টের ধরণ চিহ্নিত করতে সক্ষম হয়েছে
৪. প্রয়োজন অনুযায়ী ব্লাক অপশন/ লাইব্রেরি থেকে ওয়ার্কবুক তৈরি করতে সক্ষম হয়েছে
৫. স্প্রেডশীট ইন্টারফেসের কম্পোনেন্টসমূহ চিহ্নিত করতে সক্ষম হয়েছে
৬. ডেটা টাইপ অনুযায়ী সেল ফরম্যাটিং করতে সক্ষম হয়েছে
৭. কাজের প্রয়োজন অনুযায়ী পেজ লেআউট সেট করতে সক্ষম হয়েছে
৮. স্পেসিফিকেশন অনুযায়ী ডেটা/ কনটেন্ট সংযুক্ত করতে সক্ষম হয়েছে
৯. প্রয়োজন অনুযায়ী পেস্ট স্পেশাল অপশন ব্যবহার করতে সক্ষম হয়েছে
১০. প্রয়োজন অনুযায়ী ফ্রিজ প্যান ব্যবহার করতে সক্ষম হয়েছে
১১. স্পেল চেক (ইংরেজির জন্য) করতে সক্ষম হয়েছে
১২. নির্দেশনা অনুযায়ী যথাযথ ফাইল ফরম্যাটে একটি নির্দিষ্ট ডিরেক্টরি/ লোকেশনে ওয়ার্কবুক সংরক্ষণ করতে সক্ষম হয়েছে
১৩. অপারেটর ব্যবহার করে ফর্মুলা প্রয়োগ করতে সক্ষম হয়েছে
১৪. প্রয়োজন অনুযায়ী ফাংশন ব্যবহার করতে সক্ষম হয়েছে
১৫. প্রয়োজন অনুযায়ী ডাটা ভ্যালিডেশন সম্পন্ন করতে সক্ষম হয়েছে

১৬. বিভিন্ন ক্রাইটেরিয়া অনুযায়ী ডেটা সর্টিং করতে সক্ষম হয়েছে
১৭. বিভিন্ন শর্ত অনুযায়ী ডেটা ফিল্টার করতে সক্ষম হয়েছে
১৮. কন্ডিশনাল ফরমেটিং ব্যবহার করতে সক্ষম হয়েছে
১৯. ডেটা ম্যানিপুলেশন টুলস ব্যবহার করতে সক্ষম হয়েছে
২০. প্রয়োজন অনুসারে চার্ট ব্যবহার করে ডেটা উপস্থাপন করতে সক্ষম হয়েছে
২১. জব স্পেসিফিকেশন অনুযায়ী ট্র্যাক চেঞ্জ মোডে ওয়ার্কবুক রিভিউ করতে সক্ষম হয়েছে
২২. প্রয়োজন অনুযায়ী মন্তব্য সংযুক্ত করতে সক্ষম হয়েছে
২৩. ওয়ার্কবুক চূড়ান্ত করার পরে সংরক্ষণ করতে সক্ষম হয়েছে
২৪. পাসওয়ার্ড ব্যবহার করে ওয়ার্কবুকটি সুরক্ষিত করতে সক্ষম হয়েছে
২৫. প্রিন্ট টাইটেল অপশন ব্যবহার করে পেজ লেআউট সেট করতে সক্ষম হয়েছে
২৬. প্রিন্টার নির্বাচন করে সেটিংস নিশ্চিত করতে সক্ষম হয়েছে
২৭. প্রয়োজন অনুযায়ী উপযুক্ত কাগজের সাইজ নিশ্চিত করতে সক্ষম হয়েছে
২৮. প্রিন্ট প্রিভিউ চেক করতে সক্ষম হয়েছে
২৯. ডকুমেন্ট প্রিন্ট করতে সক্ষম হয়েছে
৩০. স্টোরেজ মিডিয়া ব্যবহার করে ডকুমেন্ট ট্রান্সফার করতে সক্ষম হয়েছে

শিখনফল - ১ (Learning Outcome): কাজের জন্য প্রস্তুতি গ্রহণ করতে পারবে।

বিষয়বস্তু (Content):

১. নিরাপদ কাজের অনুশীলন
  - ১.১ আর্গনোমিক রিকয়ারমেন্ট (Ergonomic requirement)
২. প্রয়োজনীয় সফটওয়্যার সমূহ
  - ২.১ স্প্রেডশীট অ্যাপ্লিকেশন সফটওয়্যার
    - এক্সেল
    - লিব্রি অফিস Calc
    - OpenOfficeOrg
    - গুগল শীট
    - Numbers (ম্যাক ওএস)
৩. ডকুমেন্টের ধরণ
  - ক্যালেন্ডার
  - মাসিক বাজেট
  - স্যালারি শীট
  - ওয়ার্ক শিডিউল
  - লোন ক্যালকুলেটর
  - অর্গানেজেশনাল চার্ট
  - ইনভয়েস
  - রেজাল্ট শীট
  - ডাটা সামারী রিপোর্ট

মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):

১. কর্মক্ষেত্রের পদ্ধতি অনুসারে নিরাপদ কাজের অনুশীলনগুলি পর্যবেক্ষন এবং অনুসরণ করতে সক্ষম হয়েছে
২. প্রয়োজনীয় সফটওয়্যার পরীক্ষা এবং কাজের প্রয়োজন অনুযায়ী কার্যকরীতা নিশ্চিত করতে সক্ষম হয়েছে
৩. প্রস্তুত করার জন্য ডকুমেন্টের ধরণ চিহ্নিত করতে সক্ষম হয়েছে

শর্তাবলী (Conditions):

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই নিম্নোক্ত বিষয়গুলোর ব্যবস্থা করতে হবে:

১. প্রকৃত কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ
২. পিপিই, সরঞ্জাম ও উপকরণ
৩. যন্ত্রপাতি

শিক্ষা উপকরণ (Learning Materials):

১. বই, ম্যানুয়াল
২. মডিউল / রেফারেন্স
৩. সিবিএলএম

৪. হ্যান্ডআউটস
৫. ল্যাপটপ
৬. মাল্টিমিডিয়া প্রোজেক্টর
৭. হোয়াইট বোর্ড ও মার্কার
৮. ইন্টারনেট ফ্যাসিলিটিস
৯. কাগজ
১০. কলম

## শিখন কার্যক্রম (Learning Activity)

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয় বস্তু এবং কর্মক্ষমতা মানদণ্ড অর্জনের জন্য নিম্নবর্ণিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করতে হবে কার্যক্রমগুলোর জন্য পাশ্বে বর্ণিত রিসোর্স সমূহ ব্যবহার করতে হবে।

লার্নিং এক্টিভিটিস (Learning Activities) (শিখন কার্যক্রম)	Resources / Special instructions (রিসোর্স / বিশেষ নির্দেশ)
<ul style="list-style-type: none"><li>এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে</li></ul>	<ul style="list-style-type: none"><li>নির্দেশিকা পড়তে হবে।</li></ul>
<ul style="list-style-type: none"><li>ইনফর্মেশন শীট পড়তে হবে</li></ul>	<ul style="list-style-type: none"><li>ইনফর্মেশন শীট ১.১</li></ul>
<ul style="list-style-type: none"><li>সেলফ চেক শীটে প্রদেয় প্রশ্নগুলোর উত্তর প্রদান করতে হবে এবং প্রদত্ত উত্তর পত্রের সাথে উত্তর মিলিয়ে নিশ্চিত হতে হবে</li></ul>	<ul style="list-style-type: none"><li>সেলফ চেক ১.১ এবং উত্তরপত্র ১.১</li></ul>

## ইনফরমেশন শিট: ১.১

### কাজের জন্য প্রস্তুত হওয়া

লার্নিং অবজেক্টিভস (শিক্ষণ উদ্দেশ্য): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

১. কর্মক্ষেত্রের পদ্ধতি অনুসারে নিরাপদ কাজের অনুশীলনগুলি পর্যবেক্ষণ এবং অনুসরণ করতে পারবে
২. প্রয়োজনীয় সফটওয়্যার পরীক্ষা এবং কাজের প্রয়োজন অনুযায়ী এর কার্যকরীতা নিশ্চিত করতে পারবে
৩. বাংলা এবং ইংরেজি টাইপ করার জন্য প্রয়োজনীয় ফন্টের প্রাপ্যতা নিশ্চিত করতে পারবে
৪. প্রস্তুত করার জন্য ডকুমেন্টের ধরণ চিহ্নিত করতে পারবে।

### ১. নিরাপদ কাজের অনুশীলন

কর্মক্ষেত্রে দুর্ঘটনা এবং আঘাত প্রতিরোধে নিরাপদ কাজের অনুশীলন গুরুত্বপূর্ণ। কর্মক্ষেত্রের পদ্ধতিগুলি নিরাপদ কাজের অনুশীলনের রূপরেখার জন্য ডিজাইন করা হয়েছে যা কর্মীদের একটি নিরাপদ এবং স্বাস্থ্যকর কাজের পরিবেশ নিশ্চিত করতে অনুসরণ করতে হবে। কর্মক্ষেত্রের পদ্ধতি অনুসারে নিরাপদ কাজের অনুশীলনের কিছু উদাহরণ এখানে দেওয়া হল:

#### ১.১. ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহার করাঃ

কর্মীদেরকে কর্মক্ষেত্রে ব্যবহৃত PPE যেমন নিরাপত্তা চশমা, গ্লাভস, এন্টি-স্ট্যাটিক ম্যাট, এন্টি-স্ট্যাটিক রিস্ট বেল্ট এবং রাবার-সু ইত্যাদি কাজের ধরণ অনুযায়ী ব্যবহার করার প্রয়োজন হতে পারে। কর্মীদেরকে দুর্ঘটনার হাত থেকে রক্ষা করতে এবং কর্মক্ষেত্রে নিরাপত্তা বিধি মেনে চলার জন্য PPE ব্যবহার গুরুত্বপূর্ণ।

#### ১.২. আর্গোনোমিক নির্দেশিকা অনুসরণ করাঃ

কর্মক্ষেত্রে আর্গোনোমিক ওয়ার্কস্টেশনের জন্য নির্দেশিকা মেনে চলতে হবে, যেমন চেয়ার এবং ডেস্কের উচ্চতা সামঞ্জস্য করা, এবং পুনরাবৃত্তিমূলক কাজ করার ক্ষেত্রে ক্ষতি এড়াতে ঘন ঘন বিরতি নেওয়া।

#### ১.৩. বিপজ্জনক ইকুইপমেন্ট ও ম্যাটেরিয়ালস নিরাপদে পরিচালনা করাঃ

কর্মীদেরকে বিপজ্জনক ইকুইপমেন্ট ও ম্যাটেরিয়ালস নিরাপদে পরিচালনা এবং সংরক্ষণের বিষয়ে প্রশিক্ষণ নিতে হবে। এর মধ্যে কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার ইত্যাদি ডিভাইসসমূহের পাওয়ার সোর্স ব্যবহারে সতর্ক থাকা।

#### ১.৪. বৈদ্যুতিক সুরক্ষা পদ্ধতি অনুসরণ করা:


কর্মীদের বৈদ্যুতিক সরঞ্জামগুলির নিরাপদ ব্যবহার সম্পর্কে প্রশিক্ষণ নিতে হবে, গ্রাউন্ডেড আউটলেট ব্যবহার করা এবং বৈদ্যুতিক সরঞ্জামগুলির সাথে কাজ করার সময় লকআউট/ট্যাগআউট পদ্ধতি অনুসরণ করা। কেবল কানেকশন যথাযথভাবে সংযোগ দেওয়া, নির্ধারিত বিপজ্জনক স্থান থেকে সতর্ক থাকা।

#### ১.৫. কোন অনিরাপদ অবস্থা বা ঘটনা রিপোর্ট করা:

কর্মীদের তাদের সুপারভাইজার বা নিরাপত্তা অফিসারের কাছে কোন অনিরাপদ অবস্থা বা ঘটনা রিপোর্ট করতে উৎসাহিত করা। এটি ভবিষ্যতে দুর্ঘটনা এবং আঘাত প্রতিরোধ করতে সাহায্য করতে পারে।

## ১.৬. আর্গোনোমিক রিকয়ারমেন্ট

আর্গোনোমিকস (ergonomics) হচ্ছে কাজের পরিবেশ এবং কাজে ব্যবহৃত বস্তুসমূহের গঠন এবং সেই সাথে ব্যবহারকারীর অঙ্গভঙ্গি (gesture) বিবেচনা করে কর্মক্ষেত্রে কাজ করা। কর্মক্ষেত্রে যেন শরীরের ক্ষতির কারণ না হয় তার জন্য কি করা দরকার এবং কিভাবে কাজ করা দরকার সে সম্পর্কে এখানে বর্ণনা থাকে। যেমন ওয়েল্ডিং এর কাজ যিনি করেন তার যেকোন সময়ে আগুনের স্ফুলিং দ্বারা চোখ বা শরীরের ক্ষতি হতে পারে, কিন্তু ক্ষতি যেন না হয় তার জন্য কি কি পদক্ষেপ নিবেন তার সবিশেষ বর্ণনা আর্গোনোমিকস থেকে পাবেন। অনুরূপভাবে কম্পিউটারে বসে দীর্ঘক্ষণ কাজ করার সময় ভাল আর্গোনোমিকস মেনে চলতে হয়। এরূপ প্রতিটি কর্মেরই সুনির্দিষ্ট আর্গোনোমিকস আছে।



## কম্পিউটার এ কাজ করার সময় অবশ্যই নিচের বিষয়গুলো বিবেচনা করতে হবেঃ

- কীবোর্ডে কাজ করার সময় সঠিক Body Posture বজায় রাখতে হবে। পিঠের স্বাস্থ্য ঝুঁকি থেকে রক্ষা পাবার জন্য একটি ব্যাক সাইড সাপোর্টেড চেয়ার ব্যবহার করতে হবে। খেয়াল রাখতে হবে ব্যাকবোন যেন সোজা থাকে।
- খেয়াল রাখতে হবে পায়ের পাতা যেন মেঝেতে সমান্তরালে থাকে।
- ঘাড় বাকানো বা ঘোরানো অবস্থায় দীর্ঘক্ষণ কাজ করা থেকে বিরত থাকতে হবে।
- ঘাড় সোজা রাখতে হবে, কোমরে বা পেছনে সাপোর্ট থাকবে, বসার স্থান আরামদায়ক হতে হবে, চেয়ারের উচ্চতা ঠিক রাখার জন্য সুবিধাজনক এডজাস্টেবল স্ক্রু থাকতে হবে।
- মাউস ও কি-বোর্ড টেবিলের মাঝামাঝি থাকবে যাতে কনুই ও হাত টেবিলের ওপর সাপোর্ট থাকে।
- কাজের ফাঁকে মাঝে মধ্যে বিরতি নিতে হবে।
- কম্পিউটারের মনিটর ও চোখের দূরত্বের অসামঞ্জস্যের জন্য মাথাব্যথা, চোখব্যথা, চোখে ঝাপসা দেখা, পানি পড়া ইত্যাদি সমস্যাও তৈরি হতে পারে। এজন্য মনিটরকে চোখের সমান্তরালে রাখতে হবে।

## ২. প্রয়োজনীয় সফটওয়্যারসমূহ

### সফটওয়্যার

কম্পিউটার সফটওয়্যার বা সফটওয়্যার হলো কিছু data এবং কম্পিউটার নির্দেশ (instructions) এর সংগ্রহীত মিশ্রণ, যেটা একটি প্রোগ্রাম (program) হিসেবে কম্পিউটারকে যেকোনো কাজ করার ক্ষেত্রে নির্দেশ (instructions) দেয়।

সফটওয়্যার প্রধানত দুই ধরনের যথা- সিস্টেম সফটওয়্যার, অ্যাপ্লিকেশন সফটওয়্যার

২.১. **সিস্টেম সফটওয়্যার:** সিস্টেম সফটওয়্যার হচ্ছে এমন ধরনের সফটওয়্যার যা কম্পিউটারের হার্ডওয়্যারগুলোকে ব্যবহারকারীর ব্যবহার উপযোগী করে তুলতে সহায়তা করে। এই সফটওয়্যার কম্পিউটারের বিভিন্ন ইউনিটের মধ্যে কাজের সমন্বয় রক্ষা করে ও ব্যবহারিক প্রোগ্রাম নির্বাহের জন্য কম্পিউটারকে সর্বদা সতর্কভাবে প্রস্তুত রাখে। কম্পিউটারের কাজের প্রকৃতির উপযোগী করে সিস্টেম সফটওয়্যার তৈরি করা হয়। তাই বিভিন্ন প্রকারের কাজের জন্য সিস্টেম সফটওয়্যার বিভিন্ন রকমের হয়। সিস্টেম সফটওয়্যারকে অপারেটিং সিস্টেম ও বলা হয়।

### অপারেটিং সিস্টেম:

অপারেটিং সিস্টেম হচ্ছে এমন এক ধরনের সিস্টেম প্রোগ্রাম বা কম্পিউটার সিস্টেমের সাথে সংযুক্ত সকল প্রকার রিসোর্সকে নিয়ন্ত্রণ ও পরিচালনা করে। অপারেটিং সিস্টেমের অন্যতম প্রধান কাজ হচ্ছে রিসোর্স ম্যানেজার হিসেবে কাজ করা। মূল লক্ষ্য হলো প্রসেসর ব্যবস্থাপনা, মেমরি ব্যবস্থাপনা, ফাইল ব্যবস্থাপনা, ইনপুট ও আউটপুট ডিভাইসসমূহ নিয়ন্ত্রণ করা, ডাটার নিরাপত্তা বিধান করা।

সুতরাং, “যে সফটওয়্যার কম্পিউটার প্রোগ্রামের কার্যাবস্থা নিয়ন্ত্রণ করে এবং শিডিউলিং, ডিবাগিং, ইনপুট/আউটপুট নিয়ন্ত্রণ, একাউন্টিং, কম্পাইলেশন, তথ্যাবলি সংরক্ষণ কার্যক্রম, তথ্য ব্যবস্থাপনা এবং আনুষঙ্গিক কাজসমূহ করতে পারে তাকে অপারেটিং সিস্টেম” বলে। উদাহরণ- উইন্ডোজ, লিনাক্স, ম্যাক ইত্যাদি।

২.২. **অ্যাপ্লিকেশন সফটওয়্যার:** অ্যাপ্লিকেশন সফটওয়্যার এমন এক ধরনের কম্পিউটার প্রোগ্রাম যা কোন নির্দিষ্ট ব্যক্তিগত, শিক্ষামূলক বা ব্যবসায়িক কার্য সম্পাদন করে। প্রতিটি প্রোগ্রাম ব্যবহারকারীকে কোন নির্দিষ্ট

প্রক্রিয়াতে সহায়তা করার জন্য ডিজাইন করা হয় যা উৎপাদনশীল, সৃজনশীল হতে পারে। যেমন: স্প্রেডশীট অ্যাপ্লিকেশন সফটওয়্যার (মাইক্রোসফট এক্সেল), ভিডিও এডিটিং সফটওয়্যার, ফটোশপ ইত্যাদি।



### ২.২.১. স্প্রেডশীট অ্যাপ্লিকেশন সফটওয়্যার

স্প্রেডশীট অ্যাপ্লিকেশন সফটওয়্যার হল একটি কম্পিউটার প্রোগ্রাম যা ডেটা সংগঠন, বিশ্লেষণ এবং ম্যানিপুলেশন করার জন্য ব্যবহৃত হয়। এটি এমন এক ধরনের সফটওয়্যার যা বিশেষভাবে ইলেকট্রনিক স্প্রেডশীট তৈরি, সম্পাদনা এবং পরিচালনা করার জন্য ডিজাইন করা হয়েছে।

স্প্রেডশীট হল এক ধরনের ফাইল যা রো এবং কলাম নিয়ে গঠিত, প্রতিটি রো ও কলামের সমন্বয়ে সেল গঠিত হয়ে থাকে। এই সেলগুলোতে টেক্সট, সংখ্যা এবং সূত্র লিখা যায়। স্প্রেডশীট সফটওয়্যারের মাধ্যমে গণনা করা এবং এই ইনপুটগুলোর উপর ভিত্তি করে ফলাফল তৈরি করা যায়।

### ২.২.২. মাইক্রোসফট এক্সেল

মাইক্রোসফট এক্সেল একটি জনপ্রিয় স্প্রেডশীট সফটওয়্যার যা মাইক্রোসফট কর্পোরেশন দ্বারা প্রকাশিত হয়েছে। এর মাধ্যমে ব্যবহারকারী ট্যাবুলার আকারে ডেটা সংগঠিত, বিশ্লেষণ এবং ম্যানিপুলেট করতে পারে। এক্সেল ব্যবহারকারীদের ডেটা এন্ট্রি, ডেটা বিশ্লেষণ, বাজেট এবং আর্থিক গণনা সহ বিভিন্ন কাজ সম্পাদনে সহায়তা করার জন্য সূত্র, চার্ট, গ্রাফ, পিভট টেবিল, শর্তসাপেক্ষে বিন্যাস এবং আরও অনেক কিছুর মতো বৈশিষ্ট্যের একটি বিস্তৃত পরিসর সরবরাহ করে। এক্সেল ব্যাপকভাবে ব্যবসায়িক, ব্যক্তিগত এবং বিভিন্ন সংস্থার কাজে যেমন অ্যাকাউন্টিং, ফিন্যান্স, পরিসংখ্যান, প্রকৌশল, বিপণন, ইত্যাদি ক্ষেত্রে ব্যবহার করা হয়ে থাকে।



### ২.২.৩. LibreOffice Calc

LibreOffice Calc হল একটি বিনামূল্যের এবং ওপেন সোর্স স্প্রেডশীট প্রোগ্রাম যা দ্য ডকুমেন্ট ফাউন্ডেশন দ্বারা তৈরি করা হয়েছে। এটি LibreOffice suite এর অংশ, এতে ওয়ার্ড প্রসেসিং, উপস্থাপনা, এবং ডাটাবেস ব্যবস্থাপনার জন্য প্রোগ্রামও অন্তর্ভুক্ত রয়েছে। Calc মাইক্রোসফট এক্সেলের মতো একই বৈশিষ্ট্যগুলির অনেকগুলি বিদ্যমান, যার মধ্যে রয়েছে ট্যাবুলার আকারে ডেটা সংগঠিত, বিশ্লেষণ এবং ম্যানিপুলেট করার ক্ষমতা, সেইসাথে আর্থিক, পরিসংখ্যানগত এবং গাণিতিক গণনার জন্য ফাংশন। এটি লিনাক্স অপারেটিং সিস্টেমেও ব্যবহৃত হয়।



### ২.২.৪. OpenOffice.org

OpenOffice.org (OpenOffice বা OOo নামেও পরিচিত) Apache সফটওয়্যার ফাউন্ডেশন দ্বারা তৈরি ওপেন-সোর্স অফিস প্রোডাক্টিভিটি সফটওয়্যার সুইট যা বিনামূল্যে ব্যবহার করা যায়। সুইটটিতে ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশীট, প্রেজেন্টেশন, গ্রাফিক্স এবং ডাটাবেস ম্যানেজমেন্ট এর জন্য প্রোগ্রাম রয়েছে।



OpenOffice.org Calc হল সুইটের স্প্রেডশীট প্রোগ্রাম যা Microsoft Excel এবং LibreOffice Calc-এর অনুরূপ, যার মাধ্যমে ডেটা সংগঠন ও বিশ্লেষণ, গণনা সম্পাদন এবং চার্ট এবং গ্রাফ তৈরি করা যায়।


### ২.২.৫. Google Sheets

Google Sheets হল একটি বিনামূল্যের, ক্লাউড-ভিত্তিক স্প্রেডশীট প্রোগ্রাম যা Google কর্তৃক তৈরি করা হয়েছে। এটি Google Workspace সুইটের অ্যাপ্লিকেশনগুলির একটি অংশ এবং ওয়েব ব্রাউজারের মাধ্যমে অ্যাক্সেসযোগ্য। Google Sheets ব্যবহারকারীদের অনলাইনে স্প্রেডশীট তৈরি এবং সম্পাদনা করতে, সেইসাথে রিয়েল-টাইমে অন্যদের সাথে সহযোগিতা করার অনুমতি দেয়। এর মাধ্যমে মাইক্রোসফট এক্সেলের মতোই ডেটা সংগঠন ও বিশ্লেষণ, গণনা সম্পাদন এবং চার্ট এবং গ্রাফ তৈরি করা যায়।



### ২.২.৬. Numbers

Numbers হল একটি স্প্রেডশীট প্রোগ্রাম যা Apple Inc. এর macOS অপারেটিং সিস্টেম এবং iOS মোবাইল ডিভাইসের জন্য তৈরি করেছে। এটি iWork সুইটের অংশ যাতে পেইজ এবং কী-নোট অন্তর্ভুক্ত থাকে। Numbers ব্যবহারকারী-বান্ধব এবং স্বজ্ঞাতভাবে ডিজাইন করা হয়েছে। এটি একটি আধুনিক ইন্টারফেস এবং বৈশিষ্ট্য সম্পন্ন স্প্রেডশীট প্রোগ্রাম যা ডেটা সংগঠন, বিশ্লেষণ এবং উপস্থাপনাকে সহজ করে তোলে। অন্যান্য স্প্রেডশীট প্রোগ্রামগুলোর মতো, Numbers ব্যবহারকারীদের টেবিল তৈরি, গণনা, চার্ট ও গ্রাফ তৈরি করতে দেয়।



ম্যাকের ডিফল্ট Numbers সফটওয়্যার ব্যবহার করতে নিচের পদক্ষেপগুলি অনুসরণ করতে হবে:

1. LaunchPad এ ক্লিক করতে হবে বা অ্যাপ্লিকেশন ফোল্ডারে যেতে হবে।
2. "Numbers" অ্যাপ্লিকেশন আইকনে সনাক্ত করতে হবে এবং ক্লিক করতে হবে।
3. Numbers অ্যাপ্লিকেশন ওপেন করার পর "নিউ ডকুমেন্ট" বাটনে ক্লিক করতে হবে এবং সেখান থেকে একটি টেমপ্লেট স্ক্রীন প্রেজেন্ট করবে।

৪. সেখান থেকে টেমপ্লেট সিলেক্ট করতে হবে।
৫. এরপর স্প্রেডশিট তৈরি করা শুরু করতে হবে।

### ৩. ডকুমেন্টের ধরণ

স্প্রেডশিট প্রোগ্রামের মাধ্যমে বিভিন্ন ধরণের ডকুমেন্ট তৈরি করা যায় যেমনঃ

- ক্যালেন্ডার
- মাসিক বাজেট
- স্যালারি শীট
- ওয়ার্ক শিডিউল
- লোন ক্যালকুলেটর
- অর্গানাইজেশনাল চার্ট
- ইনভয়েস
- রেজাল্ট শীট
- ডাটা সামারী রিপোর্ট

### সেলফ চেক শিট -১.১

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ-

অতি সংক্ষিপ্ত প্রশ্ন-

১। আর্গোনোমিক হাজার্ড বলতে কি বুঝ?

২। সফটওয়্যার বলতে কি বোঝায়?

৩। কয়েকটি এন্টিভাইরাসের নাম লিখ।

৪। কয়েকটি ইনপুট ও আউটপুট ডিভাইসের নাম লিখ।

## উত্তরপত্র-১.১

### ১। উত্তরঃ

কর্মক্ষেত্রে আর্গোনোমিক (ergonomic) হাজার্ড হল এমন যেকোন অবস্থা বা বস্তু যার ফলে একজন কর্মীর দীর্ঘক্ষণ কাজ করার সময় শরীরের যে ক্ষতি হয়।

### ২। উত্তরঃ

সফটওয়্যার হল কতকগুলো ইন্সট্রাকশনের একটি সেট যা একটি কম্পিউটারকে কী করতে হবে তা বলে দেয়।

সফটওয়্যার একটি কম্পিউটার সিস্টেমের অপারেশনের সাথে যুক্ত প্রোগ্রাম ও পদ্ধতি গুলির সম্পূর্ণ সেট নিয়ে গঠিত।

### ৩। উত্তরঃ

বাজারে বহুল প্রচলিত কিছু অ্যান্টিভাইরাস এর তালিকা-

১. এভিরা (Avira)
২. বিট ডিফেন্ডার (Bitdefender)
৩. এভাস্ট (Avast)
৪. এভিজি (AVG)
৫. ক্যাম্পারস্কাই (Kaspersky)
৬. মাইক্রোসফট উইন্ডোজ ডিফেন্ডার (Microsoft Windows Defender)
৭. ইসেট (Eset)

### ৪। ইনপুট ও আউটপুট ডিভাইসের নামঃ

ইনপুট ডিভাইস

১. কী-বোর্ড
২. মাউস
৩. স্ক্যানার

আউটপুট ডিভাইস

৪. মনিটর
৫. প্রিন্টার

শিখনফল-২ (Learning Outcome): স্প্রেডশীট তৈরি করতে পারবে

বিষয়বস্তু (Content):

১. ওয়ার্কবুক
২. স্প্রেডশীট ইন্টারফেসের কম্পোনেন্টসমূহ
  - ২.১ টাইটেল বার
  - ২.২ ট্যাব
  - ২.৩ রিবন
  - ২.৪ ফর্মুলা বার
  - ২.৫ ওয়ার্কবুক ভিউ
  - ২.৬ জুম অপশন
৩. সেল ফরমেটিং
  - ৩.১ অ্যালাইনমেন্ট
  - ৩.২ ফন্ট
  - ৩.৩ বর্ডার
  - ৩.৪ ফিল
  - ৩.৫ প্রটেকশন
৪. ডেটা টাইপ
  - ৪.১ টেক্সট
  - ৪.২ নাম্বার
  - ৪.৩ কারেন্সি
  - ৪.৪ অ্যাকাউন্টিং
  - ৪.৫ তারিখ (Date)
  - ৪.৬ সময় (Time)
  - ৪.৭ পারসেন্টেজ (Percentage)
  - ৪.৮ স্পেশাল
  - ৪.৯ কাস্টম
৫. কনটেন্ট
  - ৫.১ র‍্যাপ টেক্সট
  - ৫.২ মার্জ সেল
  - ৫.৩ টেবিল
  - ৫.৪ রো
  - ৫.৫ কলাম
  - ৫.৬ মার্জ ও স্প্লিট
  - ৫.৭ অ্যালাইনমেন্ট
  - ৫.৮ ইলাস্ট্রেশন

- ৫.৯ সিম্বল
- ৫.১০ লিংক
- ৫.১১ লিংক
- ৬. ফ্রিজ প্যান
- ৭. ফাইল ফরম্যাট ও ওয়ার্কবুক সংরক্ষণ
  - ৯.১. .xls
  - ৯.২. .xlsx
  - ৯.৩. .csv
  - ৯.৪. .xml

**অ্যাসেসমেন্ট মানদণ্ড (Assessment Criteria):**

১. প্রয়োজন অনুযায়ী ব্লাঙ্ক অপশন/ লাইব্রেরি থেকে ওয়ার্কবুক তৈরি করতে সক্ষম হয়েছে
২. স্প্রেডশীট ইন্টারফেসের কম্পোনেন্টসমূহ চিহ্নিত করতে সক্ষম হয়েছে
৩. ডেটা টাইপ অনুযায়ী সেল ফরম্যাটিং করতে সক্ষম হয়েছে
৪. কাজের প্রয়োজন অনুযায়ী পেজ লেআউট সেট করতে সক্ষম হয়েছে
৫. স্পেসিফিকেশন অনুযায়ী ডেটা কনটেন্ট সংযুক্ত করতে সক্ষম হয়েছে
৬. প্রয়োজন অনুযায়ী পেস্ট স্পেশাল অপশন ব্যবহার করতে সক্ষম হয়েছে
৭. প্রয়োজন অনুযায়ী ফ্রিজ প্যান ব্যবহার করতে সক্ষম হয়েছে
৮. বানান পরীক্ষা (ইংরেজির জন্য) করতে সক্ষম হয়েছে
৯. নির্দেশনা অনুযায়ী যথাযথ ফাইল ফরম্যাটে একটি নির্দিষ্ট ডিরেক্টরি/ লোকেশনে ওয়ার্কবুক সংরক্ষণ করতে সক্ষম হয়েছে

**শর্তাবলী (Conditions):**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই নিম্নোক্ত বিষয় সমূহ সরবরাহ করতে হবে:

১. প্রকৃত কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ
২. পিপিই, সরঞ্জাম ও উপকরণ,
৩. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরণ (Learning Materials):**

১. বই, ম্যানুয়াল
২. মডিউল / রেফারেন্স
৩. সিবিএলএম
৪. হ্যান্ডআউটস
৫. ল্যাপটপ
৬. মাল্টিমিডিয়া প্রোজেক্টর
৭. হোয়াইট বোর্ড ও মার্কার
৮. ইন্টারনেট ফ্যাসিলিটিস
৯. কাগজ
১০. কলম



### শিখন কার্যক্রম (Learning Activity)

এই শিখন ফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয় বস্তু এবং কর্মক্ষমতা মানদণ্ড অর্জনের জন্য নিম্ন বর্ণিত নিম্নবর্ণিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করতে হবে কার্যক্রমগুলোর জন্য পাশ্বে বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করতে হবে।

<b>Learning Activities</b> (শিখন কার্যক্রম)	<b>Resources / Special instructions</b> (রিসোর্স / বিশেষ নির্দেশ)
<ul style="list-style-type: none"><li>এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে</li></ul>	<ul style="list-style-type: none"><li>নির্দেশিকা পড়তে হবে।</li></ul>
<ul style="list-style-type: none"><li>ইনফর্মেশন শীট পড়তে হবে</li></ul>	<ul style="list-style-type: none"><li>ইনফর্মেশন শীট ২.১</li></ul>
<ul style="list-style-type: none"><li>সেলফ চেক শীটে প্রদেয় প্রশ্নগুলোর উত্তর প্রদান করতে হবে এবং প্রদত্ত উত্তর পত্রের সাথে উত্তর মিলিয়ে নিশ্চিত হতে হবে</li></ul>	<ul style="list-style-type: none"><li>সেলফ চেক ২.১ এবং উত্তরপত্র ২.১</li></ul>

## ইনফরমেশন শিট: ২.১


### স্প্রেডশীট তৈরি করা

লার্নিং অবজেক্টিভস (শিখন উদ্দেশ্য): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীরা-

১. প্রয়োজন অনুযায়ী ব্লাজক অপশন/ লাইব্রেরি থেকে ওয়ার্কবুক তৈরি করতে পারবে
২. স্প্রেডশীট ইন্টারফেসের কম্পোনেন্টসমূহ চিহ্নিত করতে পারবে
৩. ডেটা টাইপ অনুযায়ী সেল ফরম্যাটিং করতে পারবে
৪. কাজের প্রয়োজন অনুযায়ী পেজ লেআউট সেট করতে পারবে
৫. স্পেসিফিকেশন অনুযায়ী ডেটা কনটেন্ট সংযুক্ত করতে পারবে
৬. প্রয়োজন অনুযায়ী পেস্ট স্পেশাল অপশন ব্যবহার করতে পারবে
৭. প্রয়োজন অনুযায়ী ফ্রিজ প্যান ব্যবহার করতে পারবে
৮. বানান পরীক্ষা (ইংরেজির জন্য) করতে পারবে
৯. নির্দেশনা অনুযায়ী যথাযথ ফাইল ফরম্যাটে একটি নির্দিষ্ট ডিরেক্টরি/ লোকেশনে ওয়ার্কবুক সংরক্ষণ করতে পারবে

### ১. ওয়ার্কবুক

ওয়ার্কবুক হল একটি ফাইল বা ফাইলের সংগ্রহ যা স্প্রেডশীট সফটওয়্যার, যেমন Microsoft Excel, LibreOffice Calc, বা Google Sheets এ কাঠামোগত উপায়ে ডেটা সংগঠিত ও সংরক্ষণ করতে ব্যবহৃত হয়। একটি ওয়ার্কবুকে সাধারণত এক বা একাধিক ওয়ার্কশীট বা স্প্রেডশীট থাকে, যেগুলো ইনপুট, ম্যানিপুলেট এবং ডেটা প্রদর্শন করতে ব্যবহৃত হয়। ওয়ার্কশীটগুলো কলাম এবং সারিগুলোর সমন্বয়ে গঠিত, যা পাঠ্য, সংখ্যা, সূত্র বা ফাংশন ধারণ করতে পারে। ওয়ার্কশীটগুলোতে চার্ট, গ্রাফ এবং ডেটার অন্যান্য ভিজ্যুয়াল উপস্থাপনাও থাকতে পারে, সেই সাথে ম্যাক্রো, যা কর্মের স্বয়ংক্রিয় ক্রম যা ওয়ার্কবুকের মধ্যে কার্যকর করা যেতে পারে। ওয়ার্কবুকগুলো সাধারণত ডেটা পরিচালনা এবং বিশ্লেষণের জন্য ফিন্যান্সিয়াল, অ্যাকাউন্টিং, মার্কেটিং এবং শিক্ষাসহ বিভিন্ন শিল্পে ব্যবহৃত হয়।



## ২. স্প্রেডশীট ইন্টারফেসের কম্পোনেন্টসমূহ

### ২.১. টাইটেল বার

এক্সেলের টাইটেল বারটি এক্সেল উইন্ডোর উপরে অবস্থিত অনুভূমিক বারকে বোঝায়। নিচে টাইটেল বারের বিভিন্ন অংশসমূহ বর্ণনা করা হলোঃ


**অ্যাপ্লিকেশন আইকন:** শিরোনাম বারের বাম অংশে সাধারণত অ্যাপ্লিকেশন আইকন থাকে, যা মাইক্রোসফ্ট এক্সেলের প্রতিনিধিত্ব করে। এর ঠিক পাশেই থাকে।




**কুইক অ্যাক্সেস টুলবার:** ফাইলের নামের বাম পাশে সবচেয়ে বেশি ব্যবহৃত কমান্ড সহ একটি ছোট টুলবার থাকে এটিকে কুইক অ্যাক্সেস টুলবার বলে। এটি সাধারণত সেভ, আনডু (পূর্বাবস্থায় ফেরানো), রিডু (পুনরায় করা) এবং প্রিন্ট করার মতো কাজগুলোর জন্য বাটনগুলো অন্তর্ভুক্ত থাকে। পছন্দ অনুযায়ী কমান্ড যোগ বা অপসারণ করতে এই টুলবার কাস্টমাইজ করা যায়।




**ফাইলের নাম এবং লোকেশন:** কুইক অ্যাক্সেস টুলবারের ঠিক পরেই ডানদিকে, বর্তমান (যেটিতে কাজ করা হচ্ছে) এক্সেল ফাইলটির নাম দেখা যায়। যদি ফাইলটি সেভ করা হয় তবে এটি ফাইলের নাম প্রদর্শন করবে। আর ফাইলটি যদি তখনও সেভ করা না হয় তবে এটি "Book1" বা "Workbook" এর মতো একটি ডিফল্ট নাম প্রদর্শন করতেন পারে। তখন ফাইল পাখাটিও প্রদর্শিত হয়, যেখানে ফাইলটি কম্পিউটারে সংরক্ষণ করা হয়েছে তা নির্দেশ করে।




**ট্যাব এবং রিবন:** শিরোনাম বারের নিচে, আপনি রিবন দেখতে পাবেন, ট্যাবগুলির একটি সংগ্রহ (যেমন হোম, ইনসার্ট, পেজ লেআউট ইত্যাদি) যেটিতে বিভিন্ন কমান্ড এবং বৈশিষ্ট্য রয়েছে গুপে সংগঠিত। রিবন এক্সেলের ফাংশন এবং টুলগুলিতে সহজে অ্যাক্সেস প্রদান করে।






**মিনিমাইজ, ম্যাক্সিমাইজ/রিস্টোর, ক্লোজ বাটন:** টাইটেল বারের একেবারে ডানদিকে, তিনটি বাটন দেখা যায়। প্রথম বাটনটি এক্সেল উইন্ডোটিকে ছোট করে এবং টাস্কবারে রাখে। মাঝখানের বাটনটি পুরো স্ক্রীনটি কভার করতে উইন্ডোটিকে সর্বাধিক বড় করে দেয় বা এটিকে পূর্ববর্তী আকারে পুনরুদ্ধার করে দেয় (যদি ইতিমধ্যেই সর্বাধিক করা হয়)। শেষ বাটনটি এক্সেল অ্যাপ্লিকেশন বন্ধ করে দেয়।



এক্সেলের শিরোনাম বারটি ফাইল সম্পর্কে প্রয়োজনীয় তথ্য প্রদান করে, আপনাকে রিবনের মাধ্যমে বিভিন্ন বৈশিষ্ট্য অ্যাক্সেস করার অনুমতি দেয় এবং আপনাকে মিনিমাইজ, ম্যাক্সিমাইজ/রিস্টোর এবং ক্লোজ বোতাম ব্যবহার করে উইন্ডো পরিচালনা করতে সক্ষম করে।

## ২.২. ফর্মুলা বার

এক্সেলের ফর্মুলা বার হল একটি টুলবার যা রিবনের নীচে এবং ওয়ার্কশীট গ্রিডের উপরে অবস্থিত। এটি ফর্মুলা প্রবেশ ও সম্পাদনা করা, সেলের বিষয়বস্তু দেখা ও বিভিন্ন ফাংশনের কাজ সম্পাদনের জন্য একটি ইনপুট এরিয়া হিসাবে ব্যবহৃত হয়।



## ২.৩. ওয়ার্কবুক ভিউ

এক্সেলের ওয়ার্কবুক ভিউ অপশনের মাধ্যমে বিভিন্ন উপায়ে এক্সেল ওয়ার্কবুকের মধ্যে ওয়ার্কশীট এবং ডেটা প্রদর্শন এবং ইন্টারঅ্যাক্ট করা যায়। এক্সেল বেশ কয়েকটি ভিউ অপশন আছে যার মাধ্যমে নির্দিষ্ট প্রয়োজন অনুসারে ওয়ার্কবুকের আউটলুক এবং লেআউট কাস্টমাইজ করা যায়। এখানে Excel এর প্রধান ওয়ার্কবুক ভিউ অপশন আছে:

**নরমাল ভিউ:** এটি এক্সেলের ডিফল্ট ভিউ। নরমাল ভিউতে, ওয়ার্কশীট গ্রিডলাইন, কলাম, সারি এবং সেলের মধ্যে থাকা ডেটা দেখা যায়।

**পেইজ লেআউট ভিউ:** পেইজ লেআউট ভিউ এর মাধ্যমে, ওয়ার্কশীটটি প্রিন্ট করলে কেমন দেখাবে সেটা বোঝা যায়। অর্থাৎ প্রিন্ট করার আগেই প্রিন্ট করা ওয়ার্কশীট কেমন হবে তা দেখা যায়। এই ভিউ এর মাধ্যমে মার্জিন, হেডার, ফুটার এবং অন্যান্য পেইজ সেটিংস আডজাস্ট করা যায়।

**পেজ ব্রেক প্রিভিউ:** পেজ ব্রেক প্রিভিউ ওয়ার্কশীটে পেজ ব্রেকগুলির একটি ভিজ্যুয়াল উপস্থাপনা প্রদান করে। আমরা

জানি একটি ওয়ার্কশীট একাধিক পেইজের সমন্বয়ে গঠিত। প্রিন্ট করার সময় ডাটাগুলোকে বিভিন্ন পেইজে বিভক্ত করে প্রদর্শিত ও নিয়ন্ত্রণ করতে পেজ ব্রেক প্রিভিউ অপশনটি ব্যবহার করা হয়।


**ফুল-স্ক্রিন ভিউ:** টাইটেল বার, রিবন এবং অন্যান্য উপাদানগুলিকে লুকিয়ে (Hide) পুরো স্ক্রিনটি কভার করে ডাটা দেখাতে ফুল-স্ক্রিন ভিউ অপশনটি ব্যবহার করা হয়। এই অপশনটি ব্যবহার করার মাধ্যমে শুধুমাত্র ওয়ার্কশীট এবং ডেটাতে ফোকাস করা যায়। পরবর্তিতে "Esc" কী টিপে স্বাভাবিক দৃশ্যে ফিরে যাওয়া যায়।

**কাস্টম ভিউ:** কাস্টম ভিউ অপশনের মাধ্যমে এক্সেলে ওয়ার্কবুকের বিভিন্ন কাস্টম ভিউ ব্যবহারকারীর প্রয়োজন অনুযায়ী পরিবর্তন করতে দেয়। জুম লেভেল, লুকানো সারি/কলাম এবং ফিল্টার/সর্ট সেটিংসের মতো নির্দিষ্ট আডজাস্টমেন্টগুলো সংরক্ষণ করতে কাস্টম ভিউ অপশনটি ব্যবহৃত হয়। কাস্টম ভিউ তৈরি করে, প্রতিবার ম্যানুয়ালি সেটিংস আডজাস্ট না করে সহজেই ডেটার বিভিন্ন উপস্থাপনাগুলোর মধ্যে সুইচ করা যেতে পারে।

**স্প্লিট ভিউ:** স্প্লিট ভিউ এর মাধ্যমে ওয়ার্কশীট উইন্ডোটিকে একাধিক প্যানে বিভক্ত করা যায়, যার ফলে ওয়ার্কশীটের বিভিন্ন অংশ একই সাথে দেখা যায়। বড় ডেটাসেটের সাথে কাজ করার সময় বা ওয়ার্কশীটের বিভিন্ন ক্ষেত্র থেকে ডেটা তুলনা ও বিশ্লেষণ করার সময় এটি সহায়ক হিসাবে কাজ করে।


## ২.৪. জুম অপশন

এক্সেলে জুম অপশনটি ওয়ার্কশীটের ম্যাগনিফিকেশন লেভেল আডজাস্ট করতে, স্ক্রিনে কম বা বেশি বিষয়বস্তু দেখতে ব্যবহৃত হয়। এটি ডেটা এবং উপাদানগুলিকে যে আকারে প্রদর্শিত করতে হবে তা সমন্বয় করতে অর্থাৎ বড় বা ছোট করতে ব্যবহৃত হয়। নিচে এক্সেলে জুম অপশনের কিছু কাজ বর্ণনা করা হলো:



**জুম পার্সেন্টেজ:** এক্সেলে ওয়ার্কশীটের সামগ্রিক আকার নিয়ন্ত্রণ করতে জুম পার্সেন্টেজ অপশনটি ব্যবহার করতে হয়। ডিফল্ট জুম লেভেল সাধারণত 100% সেট করা হয়, যা ওয়ার্কশীটকে তার স্বাভাবিক আকারে প্রদর্শন করে। বিষয়বস্তু বড় দেখাতে জুম পার্সেন্টেজ বাড়াতে হয় বিষয়বস্তু ছোট দেখাতে এটি কমাতে হয়।

**ম্যাগনিফিকেশন কন্ট্রোল:** এক্সেলের জুম অপশনটি একটি সুবিধাজনক স্লাইডার বা ইনপুট বক্স সরবরাহ করে যা দ্রুত জুম লেভেল কমাতে বা বাড়াতে সাহায্য করে। পছন্দসই জুম লেভেল সেট করতে স্লাইডারটি টেনে ডানে বা বামে সরানো যেতে পারে বা ইনপুট বক্সে একটি নির্দিষ্ট পার্সেন্টেজ টাইপ করা যেতে পারে। এক্সেলে সাধারণত 10%, 25%, 50%, 75%, 100%, 150%, 200% 400% ইত্যাদির মতো জুম লেভেল সেট করা যায়।




### ৩. সেল ফরমেটিং

সেল ফরম্যাটিং বলতে একটি সেলের অ্যাপিয়ারেন্স পরিবর্তন করার প্রক্রিয়াকে বোঝায় যাতে এটি আরও দৃষ্টিনন্দন, ফরমেটেড এবং সহজে পড়া যায়। এক্সেল বিভিন্ন ধরনের ফরম্যাটিং অপশন প্রদান করে যার মাধ্যমে ফন্ট, অ্যালাইনমেন্ট, রঙ, বর্ডার এবং সেলের অন্যান্য বৈশিষ্ট্যগুলো কাস্টমাইজ করা যায়।

#### ৩.১. অ্যালাইনমেন্ট

এক্সেলে সারিবদ্ধকরণ একটি কক্ষের মধ্যে পাঠ্য, সংখ্যা এবং অন্যান্য বিষয়বস্তুর অবস্থানকে বোঝায়। এক্সেল বিভিন্ন প্রান্তিককরণ বিকল্পগুলো অফার করে যা আপনাকে আপনার ওয়ার্কশীটকে আরও সংগঠিত এবং সহজে পড়ার জন্য ঘরের বিষয়বস্তুর অনুভূমিক এবং উল্লম্ব বসানো সামঞ্জস্য করতে দেয়।

**হরিজন্টাল অ্যালাইনমেন্ট:**




এক্সেল তিনটি প্রধান হরিজন্টাল অ্যালাইনমেন্ট অপশন প্রদান করে:

লেফট অ্যালাইনমেন্ট: এটি সেলের বিষয়বস্তুকে সেলের বামে অ্যালাইন করে।

সেন্টার অ্যালাইনমেন্ট: এটি সেলের বিষয়বস্তুকে সেলের মাঝখানে অ্যালাইন করে।

রাইট অ্যালাইনমেন্ট: এটি সেলের বিষয়বস্তুকে সেলের ডান দিকে অ্যালাইন করে।

### ভাটিক্যাল অ্যালাইনমেন্ট:



এক্সেল চারটি প্রধান ভাটিক্যাল অ্যালাইনমেন্ট অপশন প্রদান করে:

টপ অ্যালাইনমেন্ট: এটি সেলের বিষয়বস্তুকে সেলের উপরে অ্যালাইন করে।

মিডেল অ্যালাইনমেন্ট: এটি সেলের বিষয়বস্তুকে সেলের মাঝখানে অ্যালাইন করে

বটম অ্যালাইনমেন্ট: এটি সেলের বিষয়বস্তুকে সেলের নিচের দিকে অ্যালাইন করে

### ৩.২. ফন্ট


কম্পিউটিং-এ, ফন্ট বলতে অক্ষর, চিহ্ন এবং সংখ্যার সংগ্রহকে বোঝায় যা একটি সামঞ্জস্যপূর্ণ নকশা এবং স্টাইলকে উপস্থাপন করে। ফন্টসমূহ ডিজিটাল কনটেন্ট এবং গ্রাফিক্সে ব্যবহৃত টেক্সটকে দৃশ্যত আকর্ষণীয় এবং সুস্পষ্ট উপায়ে প্রদর্শন করতে ব্যবহৃত হয়।



ওয়ার্কশীটে টেক্সট ইনসার্ট করার জন্য বিভিন্ন ফন্ট থেকে শব্দ ব্যবহার করা যেতে পারে। ফন্ট পাঠ্যের আকার, শৈলী এবং সামগ্রিক বিষয়বস্তুসহ পাঠ্যের বিষয়বস্তুকে প্রভাবিত করে। এক্সেল পূর্বে থেকে ইনস্টল করা ফন্টসমূহ থেকেই ফন্ট ব্যবহার করা হয়, যেমন Arial, Calibri, Times New Roman, এবং Verdana.

### ৩.৩. বর্ডার


মাইক্রোসফট এক্সেলে, বর্ডার হল একটি লাইন বা লাইনের সমষ্টি যা সেল বা সেল রেঞ্জের প্রান্তে উপস্থাপন করা যেতে পারে। বর্ডার হল একটি ফরম্যাটিং বৈশিষ্ট্য যা একটি ওয়ার্কশীটে ডেটা দৃশ্যমানভাবে আলাদা করতে সাহায্য করে এবং এটি পড়তে সহজ করে।



এক্সেল বিভিন্ন ধরনের বর্ডার স্টাইল প্রদান করে, যেমন পাতলা বা পুরু লাইন, ডটেড বা ড্যাশড লাইন এবং ডবল লাইন। বর্ডারসমূহ একটি সেল বা সেল রেঞ্জের এক বা একাধিক দিকে বা চারদিকে ব্যবহার করা যেতে পারে।


### ৩.৪. ফিল

মাইক্রোসফট এক্সেলে, ফিল অপশনটি সেল বা সেল রেঞ্জকে একটি নির্দিষ্ট রঙ বা প্যাটার্ন দিয়ে পূরণ করার জন্য ব্যবহৃত হয়। এটি নির্দিষ্ট সেলকে অন্যদের থেকে দৃশ্যমানভাবে আলাদা করতে, নির্দিষ্ট ডেটা পয়েন্ট হাইলাইট করতে বা আরও সংগঠিত এবং দৃশ্যত আকর্ষণীয় ওয়ার্কশীট তৈরি করতে ব্যবহার করা হয়।



### ৩.৫. প্রটেকশন

মাইক্রোসফট এক্সেলে, প্রোটেকশন অপশনটি একটি ওয়ার্কশীট বা নির্দিষ্ট সেলে সংশোধন বা সম্পাদনা করা থেকে রক্ষা করার জন্য ব্যবহৃত হয়। অন্যদের সাথে সংবেদনশীল বা গুরুত্বপূর্ণ ডেটা শেয়ার করে কাজ করার সময় বা একটি বড় সহযোগী প্রকল্পে কাজ করার সময় এটি কার্যকর ব্যবহার করা হয়।



## 8. ডেটা টাইপ

### 8.1. টেক্সট

এক্সেল-এ, ডেটা টাইপ "টেক্সট" ডেটার একটি ক্যাটাগরিকে বোঝায় যা বর্ণ, সংখ্যা এবং চিহ্নের মতো আলফা-নিউমেরিক অক্ষরকে উপস্থাপন করে। টেক্সট ডেটা সাধারণত নাম, ঠিকানা এবং বিবরণের মতো তথ্য সংরক্ষণ করতে ব্যবহৃত হয়।

### 8.2. নাম্বার

এক্সেল-এ, ডেটা টাইপ "নাম্বার" বলতে ডেটার একটি ক্যাটাগরিকে বোঝায় যা সাংখ্যিক মানগুলো উপস্থাপন করে। সংখ্যাসূচক ডেটা সাধারণত গাণিতিক গণনা করতে ব্যবহৃত হয়, যেমন যোগ, বিয়োগ, গুণ এবং ভাগ।

### 8.3. কারেন্সি


এক্সেলে, ডেটা টাইপ "মুদ্রা/ কারেন্সি" হল একটি বিশেষ ধরনের সংখ্যা বিন্যাস যা আর্থিক মানগুলোকে উপস্থাপন করতে ব্যবহৃত হয়। মুদ্রার ডেটা সাধারণত আর্থিক অ্যানালিসিসগুলো ব্যবহৃত হয়, যেমন বাজেট, অ্যাকাউন্টিং এবং আর্থিক বিশ্লেষণ।

### 8.8. অ্যাকাউন্টিং

Excel এ অ্যাকাউন্টিং ডেটা টাইপ বিশেষভাবে আর্থিক গণনার জন্য ডিজাইন করা হয়েছে, যেমন আর্থিক মান এবং মুদ্রার সাথে কাজ করা। আর্থিক গণনাগুলো সঠিক এবং সামঞ্জস্যপূর্ণ, স্বয়ংক্রিয়ভাবে সংখ্যাগুলোকে মুদ্রার প্রতীক, দশমিক স্থান এবং বন্ধনীতে ঋণাত্মক মানগুলো অন্তর্ভুক্ত করার জন্য অ্যাকাউন্টিং ডেটা টাইপ ব্যবহার করা হয়ে থাকে।

### 8.5. ডেইট (Date)

এক্সেলের তারিখ ডেটা টাইপ তারিখ এবং সময় উপস্থাপন করতে ব্যবহৃত হয়, এবং এর মাধ্যমে ব্যবহারকারীরা গণনা সম্পাদন করতে এবং তারিখ ও সময়ের উপর ভিত্তি করে ডেটা ম্যানিপুলেট করতে পারে।



## ৪.৬. টাইম

এক্সেলের টাইম ডেটা টাইপটি সময়ের মানগুলো উপস্থাপন করতে ব্যবহৃত হয় এবং এটি ব্যবহারকারীদের

Name	Basic Salary	House Rent	City Allowance	Dearness Allowance	Total	Date
Rakib	20,000.00	10000	3600	2400	36,000.00%	Saturday, January 12, 2019
Babul	12,000.00	6000	2160	1440	21,600.00%	Sunday, January 13, 2019
Sultana	90,000.00	45000	16200	10800	162,000.00%	Monday, January 14, 2019
Rony	8,500.00	4250	1530	1020	15,300.00%	Tuesday, January 15, 2019
Milon	8,000.00	4000	1440	960	14,400.00%	
Faruk	20,000.00	10000	3600	2400	36,000.00%	
Ratan	15,000.00	7500	2700	1800	27,000.00%	
Rehana	7,900.00	4345	1422	948	14,615.00%	
Persia	18,000.00	9000	3240	2160	32,400.00%	
Habib	9,200.00	4600	1656	1104	16,560.00%	

গণনা করতে এবং সময়ের উপর ভিত্তি করে ডেটা ম্যানিপুলেট করতে দেয়। এখানে কিছু কারণ রয়েছে কেন সময় ডেটা টাইপ এক্সেলে দরকারী:

গণনা: এক্সেলের মধ্যে বেশ কিছু অন্তর্নির্মিত ফাংশন রয়েছে যা নির্দিষ্টভাবে সময়ের মানগুলোর সাথে কাজ করে, যেমন HOUR, MINUTE, SECOND, এবং TIME। এই ফাংশনগুলো গণনা সঞ্চালন করতে এবং বিভিন্ন উপায়ে সময়ের মান ম্যানিপুলেট করতে ব্যবহার করা যেতে পারে।

ফরম্যাটিং: সময় ডেটা টাইপ বিভিন্ন উপায়ে ফরম্যাট করা যেতে পারে, যার মধ্যে 12-ঘন্টা বা 24-ঘন্টা ফরম্যাটে, সেকেন্ড সহ বা ছাড়াই সময়ের মানগুলো প্রদর্শন করা সহ। এটি ডেটার পঠনযোগ্যতা এবং ধারাবাহিকতা উন্নত করতে সাহায্য করতে পারে।

ট্র্যাকিং সময়: সময় ডেটা টাইপটি কাজ করার সময় ব্যয় করা সময় ট্র্যাক করতে ব্যবহার করা হয়ে থাকে।

## ৪.৭. পার্সেন্টেজ (Percentage)

এক্সেলে শতাংশ (Percentage) ডেটা টাইপ ব্যবহার করা হয় মানগুলোকে শতাংশ হিসাবে উপস্থাপন করতে, যা আর্থিক এবং পরিসংখ্যানগত গণনায় কার্যকর হতে পারে।

## ৪.৮. স্পেশাল

এক্সেলের বিশেষ (Special) ডেটা টাইপ নির্দিষ্ট ধরনের ডেটা উপস্থাপন করতে ব্যবহৃত হয়। যেমন জিপ কোড, ফোন নাম্বার, সোশ্যাল সিকিউরিটি নং ইত্যাদি ডাটা ব্যবহারের ক্ষেত্রে বিশেষ (Special) ডেটা টাইপ ব্যবহার করা হয়।

## ৪.৯. কাস্টম


এক্সেলের কাস্টম ডেটা টাইপ নির্দিষ্ট ফরম্যাট বা গণনার প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে একটি নতুন ডেটা টাইপ ডিফাইন করতে ব্যবহৃত হয়।

## ৫. কনটেন্ট

এক্সেলে, "কনটেন্ট" বলতে সাধারণত একটি ওয়ার্কশীট বা ওয়ার্কবুকের মধ্যে সংরক্ষিত ডেটাকে বোঝায়। এতে টেক্সট, সংখ্যা, সূত্র এবং অন্যান্য ধরনের তথ্য অন্তর্ভুক্ত থাকতে পারে। এক্সেলের কনটেন্ট আলাদা সেলে প্রবেশ করানো হয়, যা সারি এবং কলামে সংগঠিত থাকে।


### ৫.১. র্যাপ টেক্সট

র্যাপ টেক্সট হল এক্সেলের একটি ফরম্যাটিং অপশন যা ব্যবহারকারীদের সেল প্রস্থের সাথে মানানসই টেক্সট মোড়ানোর মাধ্যমে একটি নির্দিষ্ট সেলের মধ্যে দীর্ঘ বা অনেকগুলো লাইনের টেক্সট প্রদর্শন করতে ব্যবহৃত হয়। যখন র্যাপ টেক্সট সক্রিয় থাকে, তখন Excel স্বয়ংক্রিয়ভাবে মোড়ানো টেক্সট ফিট করতে রো এর উচ্চতা সামঞ্জস্য করে নেয়।



### ৫.২. মার্জ সেল

এক্সেলে ইউনিফর্ম ফরম্যাটে একাধিক ডেটাকে একটি সেলে একত্রিত করে রাখতে ইউজারকে সেল মার্জ করতে হয়। অনুভূমিক এবং উল্লম্ব উভয় বরাবর সেলগুলোকে মার্জ করা যায়। এটি করার মাধ্যমে, স্প্রেডশীট একাধিক কলামের পরিবর্তে একটি বড় সেলে ডেটা প্রদর্শন করে। এটি স্প্রেডশীটটিকে পরিষ্কার এবং উপস্থাপনযোগ্য করতে সহায়তা করে।




### ৫.৩. টেবিল

এক্সেল-এ, টেবিল হল ডেটার একটি পরিসর যা রো এবং কলামে সংগঠিত থাকে, প্রতিটি রো একটি রেকর্ড এবং প্রতিটি কলাম একটি ফিল্ড বা এরিয়াকে রিপ্রেজেন্ট করে।

#### ৫.৪. স্প্লিট সেল

এক্সেলে একটি সেলকে বিভাজিত করে একাধিক সেলে রূপান্তর করার প্রক্রিয়াকে স্প্লিট সেল বলে। অনুভূমিক এবং উল্লম্ব উভয় বরাবর সেলগুলোকে স্প্লিট করা যায়।



#### ৫.৫. অ্যালাইনমেন্ট

এক্সেলে-এ, অ্যালাইনমেন্ট বলতে সেলের মধ্যে টেক্সট ও অন্যান্য বিষয়বস্তুর স্থান নির্ধারণ এবং অরিয়েন্টেশন বোঝায়। সেলের মধ্যে টেক্সটের অবস্থান সামঞ্জস্য করতে, ওয়ার্কশীটের লে-আউট এবং অ্যাপিয়ারেন্স নিয়ন্ত্রণ করতে বিভিন্ন অ্যালাইনমেন্ট অপশন ব্যবহার করা হয়।

#### ৫.৬. ইলাস্ট্রেশন

এক্সেল ডেটা উপস্থাপন এবং বিশ্লেষণ করার জন্য চিত্র, গ্রাফ এবং চার্ট তৈরি করা হয়। এগুলোকেই সাধারণত ইলাস্ট্রেশন বলা হয়ে থাকে। এখানে এক্সেলে কিছু সাধারণ ইলাস্ট্রেশন টুল রয়েছে যেমন:

**চার্ট:** এক্সেল লাইন চার্ট, কলাম চার্ট, বার চার্ট, পাই চার্ট এবং আরও অনেক কিছু সহ বিভিন্ন ধরনের চার্ট সরবরাহ করে। যে ডেটা অন্তর্ভুক্ত করতে হবে তা নির্বাচন করে একটি চার্ট তৈরি করা হয়ে থাকে, তারপরে প্রয়োজন অনুসারে সবচেয়ে উপযুক্ত চার্টের ধরনটি বেছে নিয়ে চার্ট তৈরি করা হয়ে থাকে। এরপরে রঙ, ফন্ট এবং অন্যান্য ডিজাইনের এলিমেন্টগুলো সামঞ্জস্য করে চার্টের চেহারা কাস্টমাইজ করা যেতে পারে।

**সেইপ:** এক্সেল বিভিন্ন ধরনের সেইপ আছে যেমন, অ্যারো, রেক্টেঞ্জেল (Rectangle), সার্কেল ইত্যাদি। নির্দিষ্ট ডেটা পয়েন্ট হাইলাইট করতে বা ভিজ্যুয়াল ডায়াগ্রাম তৈরি করতে এই সেইপগুলো ব্যবহার করা হয়ে থাকে।

**স্মার্টআর্ট:** স্মার্টআর্ট হল এক্সেলের একটি টুল যার মাধ্যমে পি-মেড টেমপ্লেট ব্যবহার করে প্রয়োজনীয় ডায়াগ্রাম এবং গ্রাফিক্স তৈরি করা যায়। বিভিন্ন ধরনের SmartArt থেকে প্রয়োজন অনুযায়ী টেমপ্লেটটি বেছে নিতে হয়।

**ছবি এবং ক্লিপ আর্ট:** ভিজ্যুয়াল গ্রাফিক্স তৈরি করতে বা নির্দিষ্ট তথ্য হাইলাইট করতে ওয়ার্কশীটে ছবি এবং ক্লিপ আর্ট ইনসার্ট করতে হয়। Excel এর মধ্যে ক্লিপ আর্ট এবং ছবি কম্পিউটারের লোকাল ড্রাইভ থেকে ইনসার্ট করা যায় অথবা কম্পিউটারের মাধ্যমে ওয়েব থেকেও ছবি ইনসার্ট করা যায়।

#### ৫.৭. সিম্বল

এক্সেলে নির্দিষ্ট ডাটা টাইপ বা ফরম্যাটিং অপশন উপস্থাপন করতে সিম্বল ব্যবহার করা হয়।

এক্সেলে ব্যবহৃত কিছু সাধারণ সিম্বল যেমন:

**কারেন্সি সিম্বল:** কারেন্সি সিম্বল বিভিন্ন মুদ্রা যেমন ডলার, ইউরো, ইয়েন এবং পাউন্ডকে রিপ্রেজেন্ট করতে ব্যবহৃত হয়।

**পারসেন্টেজ সিম্বল (%):** পারসেন্টেজ সিম্বলটি কোন একটি নির্দিষ্ট সংখ্যার শতকরা মান বোঝাতে ব্যবহৃত হয়।

**তারিখ এবং সময় (Date and Time):** তারিখ ও সময়ের বিভিন্ন বিন্যাস উপস্থাপন করতে ব্যবহৃত হয়।

**গাণিতিক চিহ্ন:** গাণিতিক চিহ্ন যেমন +, -, \*, /, এবং ^ ডেটাতে গাণিতিক ক্রিয়াকলাপ সম্পাদন করতে ব্যবহৃত হয়।

**শর্তসাপেক্ষ বিন্যাস প্রতীক:** শর্তাধীন বিন্যাস প্রতীকগুলি নির্দিষ্ট শর্তের উপর ভিত্তি করে প্রয়োগ করা ফর্ম্যাটিং বিকল্পগুলিকে উপস্থাপন করতে ব্যবহৃত হয়।


## ৫.৮. লিংক

এক্সেলে লিঙ্ক বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করা হয়, যেমন:

**নেভিগেশন:** লিঙ্ক এর মাধ্যমে একটি বড় স্প্রেডশীটের মধ্যে বা একই ওয়ার্কবুকের বিভিন্ন শীটের মধ্যে দ্রুত নেভিগেট করা যায়। নির্দিষ্ট ঘর বা ব্যাপ্তির সাথে লিঙ্ক করার মাধ্যমে, একটি সংগঠিত এবং সহজে ব্যবহারযোগ্য ওয়ার্কবুক তৈরি এটি ব্যবহার করা যেতে পারে।

**এক্সটারনাল রেফারেন্স:** লিঙ্ক এর মাধ্যমে বাহ্যিক ফাইলগুলির সাথে লিঙ্ক করা যায়, যেমন ফাইল, প্রেজেন্টেশন, ছবি বা PDF ইত্যাদিকে অ্যাক্সেস করতে হাইপারলিঙ্ক ব্যবহার করা হয়।


**ওয়েব লিঙ্ক:** স্প্রেডশীট থেকে সরাসরি ওয়েবসাইট বা নির্দিষ্ট ওয়েব পেজ লিঙ্ক করতে হাইপারলিঙ্ক ব্যবহার হয়। এটি অনলাইন প্ল্যাটফর্ম, গবেষণা নিবন্ধ বা ডেটা সোর্স উল্লেখ করার জন্য এটি দরকারী।



**ক্রস-রেফারেন্সিং:** লিঙ্ক ওয়ার্কবুকের বিভিন্ন অংশের মধ্যে ক্রস-রেফারেন্স তৈরি করতে ব্যবহৃত হয়। উদাহরণস্বরূপ, একটি সারাংশ বা সূচীপত্রকে নির্দিষ্ট ডেটা বা অন্যান্য পত্রকের বিস্তারিত তথ্যের সাথে লিঙ্ক করা যেতে পারে।

## ৬. ফ্রিজ প্যান

এক্সেলের "ফ্রিজ প্যান" অপশনটি একটি বড় ডেটাসেট বা ওয়ার্কশীটের মাধ্যমে স্ক্রোল করার সময় স্ক্রিনে নির্দিষ্ট সারি বা কলামগুলি দৃশ্যমান রাখতে ব্যবহৃত হয়। স্ক্রিনের দৃশ্যমান এলাকার বাইরে প্রসারিত প্রচুর পরিমাণে ডেটা নিয়ে কাজ করার সময় এটি বিশেষভাবে কার্যকর।






### ফাইল ফরম্যাট:

কম্পিউটারে ব্যবহৃত সকল ফাইলেরই নির্দিষ্ট ফাইল ফরম্যাট আছে। এটাকে ফাইল এক্সটেনশন ও বলে। যেমন এক্সেল ওয়ার্কবুকের ফাইল এক্সটেনশন হচ্ছে .xls or .xlsx

ওয়ার্কবুক সেভ করার পদ্ধতিঃ

১. ওয়ার্কবুক সেভ করতে হলে প্রথমে ফাইল ট্যাবের উপর ক্লিক করতে হবে।
২. এরপর **Save As** অপশনের উপর ক্লিক করতে হবে।
৩. এরপর **This Pc** অপশনটি সিলেক্ট করে কম্পিউটারের নির্দিষ্ট ড্রাইভ লোকেশন সিলেক্ট করতে হবে।
৪. এরপর ফাইলের নির্দিষ্ট নাম দিয়ে ফাইল সেভ করতে হবে।





## সেলফ চেক শিট – ২.১

প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা: - উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ-

অতি সংক্ষিপ্ত প্রশ্ন-

১. ওয়ার্কবুক কি?

২. কুইক অ্যাক্সেস টুলবারের কাজ কি?

৩. ফর্মুলা বারের কাজ কি?

## উত্তরপত্র- ২.১

১. উত্তর: - ওয়ার্কবুক হল একটি ফাইল বা ফাইলের সংগ্রহ যা স্প্রেডশীট সফটওয়্যার, যেমন Microsoft Excel, LibreOffice Calc, বা Google Sheets এ কাঠামোগত উপায়ে ডেটা সংগঠিত ও সংরক্ষণ করতে ব্যবহৃত হয়।
২. উত্তর: ফাইলের নামের বাম পাশে সবচেয়ে বেশি ব্যবহৃত কমান্ড সহ একটি ছোট টুলবার থাকে এটিকে কুইক অ্যাক্সেস টুলবার বলে। এটি সাধারণত সেইভ, আনডু (পূর্বাবস্থায় ফেরানো), রিডু (পুনরায় করা) এবং প্রিন্ট করার মতো কাজগুলোর জন্য বাটনগুলো অন্তর্ভুক্ত থাকে।
৩. উত্তর: এক্সেলের ফর্মুলা বার হল একটি টুলবার যা রিবনের নীচে এবং ওয়ার্কশীট গ্রিডের উপরে অবস্থিত। এটি ফর্মুলা প্রবেশ ও সম্পাদনা করা, সেলের বিষয়বস্তু দেখা ও বিভিন্ন ফাংশনের কাজ সম্পাদনের জন্য একটি ইনপুট এরিয়া হিসাবে ব্যবহৃত হয়।

## জব শীট ২.১

জবের নামঃ এক্সেল সফটওয়্যার ব্যবহার করে ওয়ার্কশীট তৈরি করা।

সময়ঃ ৩০ মিনিট

Method of preparation / procedure (কর্ম-পদ্ধতি)

১. প্রয়োজনীয় পিপিই (PPE) সংগ্রহ ও পরিধান করুন।
২. প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করুন।
৩. কম্পিউটার চালু করুন।
৪. এক্সেল সফটওয়্যার চালু করুন।
৫. স্পেসিফিকেশন শীট অনুযায়ী ডকুমেন্টটি তৈরি করুন।
৬. ওয়ার্কশীট নির্দিষ্ট ড্রাইভে সেভ করুন।
৭. ওয়ার্ক স্টেশন পরিস্কার করুন।
৮. কম্পিউটার বন্ধ করুন।

নমুনা জব

	A	B	C	D	E	F	G	H	I	J
1										
2	<b>Excel Data Entry Practice Exercises PDF</b>									
3										
4		<b>Date</b>	<b>Item</b>	<b>Price</b>	<b>Unit</b>	<b>Amount</b>	<b>Discount</b>	<b>Net Amount</b>	<b>Sales Tax</b>	<b>Total</b>
5		28-Oct-2022	Pencil	\$0.27	26					
6		28-Oct-2022	Gel Pen	\$1.40	6					
7		28-Oct-2022	Eraser	\$1.12	13					
8		28-Oct-2022	Marker	\$0.77	25					
9		28-Oct-2022	Calculator	\$7.39	30					
10		28-Oct-2022	Highlighter	\$1.02	5					
11		28-Oct-2022	Stapler	\$5.59	6					
12		28-Oct-2022	Sticky Notes	\$0.47	16					
13		28-Oct-2022	Notebook	\$3.03	26					

## স্পেসিফিকেশন শীটঃ ২.১

জবের নামঃ এক্সেল সফটওয়্যার ব্যবহার করে ওয়ার্কশীট তৈরি কর।

জবের প্রয়োজনীয় শর্তসমূহঃ

১. Arial ফন্ট ব্যবহার কর
২. টাইটেলের জন্য ফন্ট সাইজ ১৪ এবং বোল্ড কর।
৩. বডি টেক্সটের জন্য ফন্ট সাইজ ১২ সেট কর।
৪. নমুনা জবের মত ওয়ার্কশীটটি তৈরি কর।

প্রদত্ত জব সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় টুলস, ইকুইপমেন্ট ও ম্যাটেরিয়ালের তালিকা নিচে দেওয়া হল।

Required Personal Protective Equipment (PPE) (প্রয়োজনীয় পিপিই)

ক্রমিক নং	নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
০১	আই প্রোটেকশন গ্লাস	--	পিস	১
০২	রাবার স্যাভেল	--	জোড়া	১
০৩	আর্গোনোমিক চেয়ার	--	পিস	১

Required Tools Equipment: প্রয়োজনীয় যন্ত্রপাতি/ সরঞ্জাম

